

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৮১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২৩. সালাতের শুরুতে চুপ থাকা

باب السَّكْتَةِ عِنْدَ الإِفْتِتَاح

### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي شُعَيْب، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُضيْل، عَنْ عُمَارَةَ، ح وَحَدَّثَنَا أَبُو كَامِل، حَدَّثَنَا عَبْدُ الْوَاحِد، عَنْ عُمَارَةَ، \_ الْمَعْنَى \_ عَنْ أَبِي زُرْعَةَ، عَنْ أَبِي هُرَيْرَة، قَالَ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِذَا كَبَّرَ فِي الصَّلَاةِ سَكَتَ بَيْنَ التَّكْبِيرِ وَالْقِرَاءَةِ فَقُلْتُ لَهُ بِأَبِي أَنْتَ وَأُمِّي أَرَأَيْتَ سُكُوتَكَ بَيْنَ التَّكْبِيرِ وَالْقِرَاءَةِ أَخْبِرْنِي مَا تَقُولُ . قَالَ " اللهُمَّ لَهُ بِأَبِي أَنْتَ وَأُمِّي وَبَيْنَ خَطَايَاى كَمَا بَاعَدْتَ بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ اللهُمَّ أَنْقِنِي مِنْ خَطَايَاى كَالَاهُمَّ الْفَيْ بِالتَّلْجِ وَالْمَاءِ وَالْبَرَدِ " . كَالتَّوْب اللهُمَّ أَنْقِنِي مِنْ خَطَايَاى كَالتَّوْب اللهُمَّ أَنْقِنِي مِنْ خَطَايَاى كَاللّهُمَّ الْفَيْرِ فِي الْمَقْرِ فِي الْمَاءِ وَالْمَاءِ وَالْبَرَدِ " .

\_ صحيح : ق

#### বাংলা

৭৮১। আবৃ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকবীরে তাহরীমা বলার পর তাকবীর ও কিরাআতের মধ্যবর্তী সময়ে চুপ থাকতেন। ফলে আমি বললাম, হে আল্লাহর রসূল! আমার মাতা-পিতা আপনার জন্য কুরবান হোক, আপনি তাকবীরে তাহরীমা ও কিরাআতের মধ্যবতী সময়ে কেন চুপ থাকেন তা আমাকে অবহিত করুন। তিনি বললেন, (এ সময় আমি নিশ্চুপে এই দু'আ পড়ে থাকি) 'আল্লাহুমা বাঈদ বাইনী ওয়া বাইনা খত্বা ইয়া ইয়া কামা বা'আদতা বাইনাল মাশরিকি ওয়াল মাগরিব। আল্লাহুমা আনকিনী মিন খত্বা ইয়া ইয়া কাসাওবিল আবয়ায়ি মিনাদ দানাস। আল্লাহুম মাগসিলনী বিস সালজি ওয়াল মায়ি ওয়াল বারদ।'' [1]

সহীহ : বুখারী ও মুসলিম।

# **English**



#### Abu Hurairah said:

The Messenger of Allah () kept silence between the takbir and the recitation of Qur'an. So I asked him, for whom I would give my father and mother as ransom: What do you say during you period of silence between the takbir and the recitation? He replied (that he said): O Allah, purify me from sins as a white garment is purified from filth. O Allah, wash away my sings with snow, water and hail.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ আযান, অনুঃ তাকবীরে তাহরীমার পর কি বলবে, হাঃ ৭৭৪), মুসলিম (অধ্যায়ঃ মাসাজিদ, অনুঃ তাকবীরে তাহরীমা ও কিরাআতের মাঝে যা বলতে হয়) উভয়ে 'উমারাহ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন